মেহেরপুরে সুখসাগর পেঁয়াজ চাষে অসুখী চাষিরা

মেহেরপুরের মুজিবনগরে সুখ সাগর নামক পিঁয়াজের চাষ হচ্ছে প্রায় ২০ বছর ধরে। এই সুখ সাগরই অনেক চাষীকে সুখের মুখ দেখিয়েছে। অনেক দিনমজুরও এই চাষ করে হয়েছেন লাখপতি। এবছর পেঁয়াজের বাম্পার ফলন হলেও চাষীদের মুখে হাসি নেই। উঠছে না উৎপাদন খরচও।

কৃষি বিভাগ বলছে এই মৌসুমে এলসির মাধ্যমে পেঁয়াজ আমদানি বন্ধ না হলে চাষিরা মারাত্মক লোকসানের মুখে পড়বে। এ বছর জেলাতে প্রায় ২ হাজার ৮ শ হেক্টর জমিতে পেঁয়াজ চাষ হয়েছে। উৎপাদনের লক্ষ্য মাত্রা ধরা হয়েছে ৭৭ হাজার মেট্রিক টন।

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার শিবপুর ও বিশ্বনাথপুর গ্রামের শতকরা ৯০ জন কৃষকই সুখসাগর পেঁয়াজ চাষ করেন। এই দুই গ্রামের চাষিদের সফলতা দেখে পার্শ্ববর্তী গ্রাম ভবানীপুর, নাজিরাকোনা, সোনাপুর, মাঝপাড়া, আনন্দবাস, জয়পুর ও তারনগর গ্রামেও এই পেঁয়াজের চাষ ছড়িয়ে পড়েছে। সদর উপজেলাতে সুখ সাগরের কিছু চাষ হলেও মুজিবনগরে শতভাগ এই জাতের পেঁয়াজ চাষ হচ্ছে গত ২০ বছর ধরে। পেঁয়াজের মৌসুমে গ্রামের মাঠে গেলে চোখে পড়বে মাঠের পর মাঠ শুধু পেঁয়াজ আর পেঁয়াজ। যার কোন জমি নেই সেও অন্যের জমি লিজ নিয়ে পেঁয়াজের চাষ করেন। পেঁয়াজ ৩ মাসের ফসল। ডিসেম্বর থেকে ফেব্রুয়ারি মার্চের মধ্যেই চাষটি শেষ হয়। প্রাকৃতিক দুর্যোগে না পড়লে এবং বাজার দর ভাল থাকলে উৎপাদন খরচ বাদে বিঘা প্রতি ১৫ থেকে ২০ হাজার টাকা পর্যন্ত লাভ হয়।

সরেজমিন মুজিবনগর উপজেলার শিবপুর, ভবানীপুর, বিশ্বনাথপুর গ্রাম ঘুরে জানা গেছে, এ বছর পেঁয়াজ চাষের খরচ হয়েছে বিঘা প্রতি ৮৫ থেকে ৯০ হাজার টাকা পর্যন্ত। উৎপাদন হবে বিঘা প্রতি ১২০ থেকে ১৩০ মণ হারে। বর্তমান বাজারে এই পেঁয়াজ বিক্রি হচ্ছে প্রতিমণ সাড়ে ৪০০ থেকে ৫০০ টাকা দরে। সেই হিসেবে বিঘাপ্রতি লোকসান গুনতে হচ্ছে ২৫ থেকে ৩০ হাজার টাকা। সংরক্ষণের কোন ব্যবস্থা না থাকায় লোকসান করেই বেঁচে দিতে হচ্ছে চাষীদের পেঁয়াজ।

শিবপুর গ্রামের পেঁয়াজ চাষি হাবিবুর রহমান ৮ বিঘা জমিতে এবার পেঁয়াজ চাষ করেছেন । বাজারে পেঁয়াজের দাম কম হওয়ায় ভীষণ হতাশ।

তিনি বলেন বর্তমানে তেল, সার, বীজসহ উৎপাদনের সাথে যুক্ত সকল কিছুর দাম বেশি, অথচ বিক্রয় মূল্য কম হওয়ায় চাষ করা কঠিন হয়ে যাচ্ছে। বিঘা প্রতি ৮৫ থেকে ৯০ হাজার টাকা খরচ করে বিক্রয় হচ্ছে ৫৫ থেকে ৬০ হাজার টাকায়।

ভবানীপুরের সোমারুল ৭ বিঘা জমিতে চাষ করেছেন। তিনি বলেন, আমি ১৫ বছর যাবৎ পেঁয়াজ চাষ করি। এই চাষটি অনেকটা জুয়া খেলার মতো ১ বছরে দাম পাই তো আরেক বছরে পাইনা। গত তিন বছর ধরে পেঁয়াজে লোকসান গুনতে হচ্ছে। সামনে হয়তো আর পেঁয়াজ চাষ করতে পারবো না।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ শঙ্কর কুমার মজুমদার বলেন, এবছর পেঁয়াজের ফলন ভালো হবে। বর্তমানে বাজার দর কম হওয়ায় চাষিরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ মৌসুমে এলসির মাধ্যমে পেঁয়াজ আমদানি বন্ধ রাখলে চাষিরা উপকৃত হবেন।

মুজিবনগরে ১ বছরের সাজা প্রাপ্ত আসামি গ্রেফতার

মুজিবনগরে সি আর মামলার এক বছরের সাজা প্রাপ্ত আসামি উপজেলার মানিকনগর গ্রামের হানিফ আলীর ছেলে সেন্টু মিয়াকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে এসআই উত্তম কুমার এর নেতৃত্বে কেদারগঞ্জ বাজার হতে সাজাপ্রাপ্ত ওয়ারেন্ট ভুক্ত আসামী সেন্টু কে গ্রেফতার করা হয়।

গ্রেফতার কৃত আসামি কে বিকেলে কোর্টে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নে ভি ডব্লিউ বি খাদ্য শষ্যের কার্ড বিতরণ

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন পরিষদের উদ্যোগে ভি ডব্লিউ বি এর আওতায় হতদরিদ্র মহিলাদের মাঝে ২৪ মাসের চাউলের কার্ড বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে ইউনিয়ন পরিষদ চত্বরে এই কার্ড বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বাগোয়ান ইউপি ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক এর সঞ্চালনায় এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেনের সভাপতিত্বে কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন, ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সোহরাব উদ্দিন, আফরোজা রোজ।

এছাড়াও উপস্থিত ছিলেন ওয়ার্ড সদস্য রকিবউদ্দীন, রফিকুল ইসলাম, রিপন,সিবাস্তিন মল্লিক ঝড়ু, সংরক্ষিত সদস্য মাবিয়া খাতুন, মরিয়ম খাতুন।

ভি ডব্লিউ বি এবার বাগোয়ান ইউনিয়নের ৪২৬ জন অসহায় দরিদ্র পরিবার বিনামূল্যে মাসিক ৩০ কেজি করে ২৪ মাস সরকারী চাউল পাবেন।

মুজিবনগরে জাতীয় ভোটার দিবস

উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

“ভোটার হব নিয়ম মেনে, ভোট দিব যোগ্যজনে” এই এই প্রতিপাদ্যে মুজিবনগর পালন হয়েছে জাতীয় ভোটার দিবস-২০২৩।

জাতীয় ভোটার দিবস উপলক্ষে বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা চত্বর থেকে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের নেতৃত্বে একটি র্যালী বের করা হয় র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা চত্বরে শেষ হয়।

পরে উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে ভোটার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাচন অফিসার মেহেদী হাসান এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিমসহ উপজেলা নির্বাচন অফিস এবং উপজেলার কর্মকর্তা কর্মচারি বৃন্দ।

মুজিবনগরে সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের গণসংযোগ

আগামী জাতীয় নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে পুনরায় নির্বাচিত করে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে নৌকা প্রতীকে ভোট চেয়ে গনসংযোগ করেছেন মেহেরপুর ১ আসনের আওয়ামীলীগের (সাবেক) এমপি প্রফেসর আব্দুল মান্নান।

বুধবার বিকেল থেকে তিনি কেদারগঞ্জ বাজার, বল্লভপুর, রতনপুর, বাগোয়ান, জয়পুর, তারানগর ও আনন্দবাসের এই গণসংযোগ করেন।

এ সময় তিনি সাধারণ জনগণের মাঝে প্রধানমন্ত্রীর শেখ হাসিনার উন্নয়নমূলক কর্মকান্ড তুলে ধরেন এবং এই উন্নয়নের ধারাকে অব্যাহত

রাখার জন্য আগামী জাতীয় নির্বাচনে নৌকা প্রতীকে ভোট দিয়ে আবারো আওয়ামীলীগ তথা শেখ হাসিনাকে ক্ষমতায় এনে তার হাত ধরে বাংলাদেশ কে বিশ্বের এক মর্যাদা পূর্ণ স্থানে আসিন করার আহ্বান জানান।

মুজিবনগরে জাতীয় বিমা দিবস পালিত

“আমার জীবন আমার সম্পদ, বীমা করলে থাকবে নিরাপদ” এই প্রতিপাদ্যে মুজিবনগরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় বীমা দিবস।

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, জাতীয় বীমা দিবস উপলক্ষে বুধবার সকাল সাড়ে ১০ টা সময় উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের নেতৃত্বে পরিষদ চত্তর থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি সড়ক পরিদর্শন শেষে একই জায়গায় শেষ হয়ে উপজেলা অডিটরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন,উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ সামসুজ্জোহা, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম সহ উপজেলার কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

মুজিবনগরে শাওমি অফিসিয়াল ব্র্যান্ড শপ এর উদ্বোধন

মুজিবনগরে কেদারগঞ্জ বাজার হাই স্কুল মার্কেটে শাওমি মোবাইল ফোনের অফিসিয়াল ব্র্যান্ড শপের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে ব্র্যান্ড শপের উদ্বোধন অনুষ্ঠিত হয় বাগওয়ান

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন এবং বাগোয়ান ইউপি ১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এবং কেদারগঞ্জ বাজার ব্যবসায়ী কমিটির সভাপতি ফারুক হোসেন প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে কেক ও ফিতা কেটে ব্র্যান্ড শপের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন শাওমি মোবাইল ফোনের এরিয়া সেলস ম্যানেজার মশিউর রহমান, রিজিওনাল ম্যানেজার হুমায়ুন কবির, রিটেইল প্রোগ্রাম ম্যানেজার মাহবুবুর রহমান, চ্যানেল সেলস ম্যানেজার আশীষ কুমার,বাগোয়ান ইউপি ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জহির উদ্দীন, উপজেলা মৎস্য লীগের সাধারণ সম্পাদক ফারুক হোসেন (শাহিন),কেদারগঞ্জ বাজার মসজিদ কমিটির সভাপতি রেজাইল ইসলাম।

মুজিবনগরে গুডনেইবার্সের উদ্যোগে সরকারি স্কুল শিক্ষকদের প্রশিক্ষণ

মুজিবনগরের গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর উদ্যোগে উপজেলার সরকারি মাধ্যমিক ও প্রাথমিক স্কুলের ইংরেজি ও গণিত শিক্ষকদের বেসিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে উপজেলার বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয় এবং বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালা মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ সামসুজ্জোহা, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, গুডনেইবার্স এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ।

প্রশিক্ষণ কর্মশালায় উপজেলার ৫টি মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন করে

ইংরেজি ও অংকের শিক্ষক এবং ৫টি প্রাথমিক বিদ্যালয়ের ১জন করে অঙ্ক ও ইংরেজি শিক্ষক নিয়ে মোট ২০ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন।

মাধ্যমিক পর্যায়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর সহকারী শিক্ষক মোশারফ হোসেন এবং ফিরাতুল ইসলাম। প্রাথমিক পর্যায়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, কেদারগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহজাহান আলী এবং মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক রাজিব মিয়া।

মুজিবনগরে গুডনেইবারর্স এর বাৎসরিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি ২০০৮ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই উপজেলার বাগোয়ান ও মোনাখালী ইউনিয়নের ১৪ টি গ্রাম নিয়ে শিশু শিক্ষা, শিশু স্পন্সর, স্বাস্থ্য, বিশুদ্ধ পানি এবং সেনিটেশন, নেটওয়ার্কিং পার্টনারশিপ, এডভোকেসি এবং সামাজিক অর্থনীতি নিয়ে কাজ করে আসছে।

তারই ধারাবাহিকতায় বছরব্যাপী কি কি কর্মসূচি পালন করা হবে সেই পরিকল্পনা প্রণয়নের জন্যই গুড নেইবারস বাংলাদেশ (পৃথিবীর জন্য সু পরিবর্তন) মেহেরপুর সিডিপি এর আয়োজনে বাৎসরিক পরিকল্পনা সভা (অংশগ্রহন মূলক স্কুল মনিটরিং) অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস হলরুমে এই পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়।

পরিকল্পনা সভায় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে,গুডনেইবারর্স এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদের সঞ্চালনায়,সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা

অফিসার আলাউদ্দিন।

পরিকল্পনা সভায় বছরব্যাপী যে পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে সে বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। বাৎসরিক পরিকল্পনা সভায় উপজেলার দশটি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক সহকারী শিক্ষক এবং স্কুল ম্যানেজিং কমিটির সদস্য অংশগ্রহণ করেন।

মুজিবনগরে হত্যা মামলার প্রধান আসামি গ্রেপ্তার

মেহেরপুরের মুজিবনগরে বুলুয়ারা(৩৫) হত্যা মামলার প্রধান আসামি আহসান আলী(৩৫) কে গ্রেপ্তার করেছে মুজিবনগর থানা পুলিশ।

গত বৃহস্পতিবার দুপুর আড়াইটার দিকে তথ্যপ্রযুক্তির সহায়তায় শরিয়তপুর জেলার সখিপুর থানাধীনচর কমরিয়া ইউনিয়নের মোল্লার হাট পেদা মার্কেটের নাজমুলের হোটেলের সামনে হইতে তাকে গ্রেফতার করে পুলিশ। গ্রেপ্তারকৃত, আহসান আলী মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর হঠাৎপাড়া এলাকার আব্দুস সাত্তারের ছেলে।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই আব্দুল আলিম জানান, গত ২০ ফেব্রুয়ারি অজ্ঞাত পরিচয় মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের মাঠের একটি গমক্ষেত থেকে লাশ উদ্ধার করে মুজিবনগর পুলিশ। পরে বিভিন্ন গণমাধ্যমের সংবাদ প্রচারের পর গাঙ্গে উপজেলার নিশিপুর গ্রামের মৃত রফিকুল ইসলামের স্ত্রী বুলুয়ারা খাতুন (৩৫) লাশ বলে শনাক্ত করে তার আত্মীয়রা।

এ ঘটনায় নিহত ভাই আব্দুল হামিদ মুজিবনগর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। যার মামলা নং-০৮, তারিখঃ ২১-০২-২৩। এরপর থেকেই আসামি আটকের জন্য মাঠে নামে মুজিবনগর থানা ও জেলা ডিবি পুলিশের টিম।

পরবর্তীতে চাঁদপুর, শরীয়তপুর, ঢাকা সহ বিভিন্ন এলাকার উদ্দেশ্যে অভিযানে বের হয়। অভিযান চলাকালে তথ্যগত প্রযুক্তির সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে ২৩ ফেব্রুয়ারি তারিখ দুপুর আড়াইটার দিকে

মেহেরপুর জেলার ডিবি পুলিশ, মুজিবনগর থানা পুলিশ ও শরিয়তপুর জেলার সখিপুর থানা পুলিশের সহায়তায় সখিপুর থানাধীন চরকমরিয়া ইউনিয়ন এর মোল্লার হাট পেদা মার্কেটে নাজমুলের হোটেলের সামনে থেকে আহসান আলীকে গ্রেফতার করা হয়।

উল্লখ্যঃ বুলুয়ারা খাতুনের স্বামী রফিকুল ইসলাম মারা যাওয়র পর, একটি কন্য সন্তান রেখে দুই বছর পূর্বে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের আহসান আলীর সাথে বিয়ে করে। বিয়ে পর থেকে তাদের মধ্যে প্রায় সময় ঝগড়া বিবাদ লেগেই থাক। এর কারণ আহসান ছিল মেয়ে লোভি। গত দেড়বছরে আগেও বামন্দী রানা সিনেমা হলের পেছনে জুতারপেটা করেছিলেন বুলুয়ারা। বুলুয়ারা মুত্যুর পর সেই জুতা পেটার ছবি সামাজিক গণমাধ্যম ফেজবুকে ছড়িয়ে পড়েছে। গত শনিবার (১৮ ফেব্রুয়ারি)বুলুয়ারার নিশিপুর গ্রামে তার মেয়ের সাথে দেখা করে দ্বিতীয় স্বামীর বাড়ি পিরাজেপুর গ্রামের উদ্দেশ্যে রওনা দেন। পরে নিখোঁজ হন। গত সোমবার (২০ ফেব্রুয়ারি) দুপুর আড়াইটার দিকে মহাজনপুর গ্রামের একটি ইটভাটার কাছে গমক্ষেত থেকে অজ্ঞাত নারীর রক্তাক্ত লাশ উদ্ধার করে মুজিবনগর থানা পুলিশের একটি দল।